**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

www.supremecourt.gov.bd

সার্কুলার নম্বর- ০৩/২০১৮ এ, তারিখঃ ২৭ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ / ১১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) যথাসময়ে প্রেরণ সংক্রান্ত।**

Civil Rules & Orders-এর অধ্যায় ৩৫ এর বিধি ৮০৭ হতে ৮১৫ এবং Criminal Rules & Orders (Practice and Procedure of Subordinate Courts), 2009 এর অধ্যায় ২৪ এর বিধি ৪২০ ও ৪২১-এ অধস্তন আদালতের সকল পর্যায়ের বিচারকর্মে নিয়োজিত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) প্রেরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা রয়েছে। এছাড়া এ বিষয়ে সময়ে সময়ে অত্র কোর্ট কর্তৃক বিভিন্ন বিজ্ঞপ্তি, সার্কুলার ইত্যাদি জারী করা হয়েছে। এতদ্‌সত্বেও সারাদেশের অধস্তন আদালতসমূহে বিচারকর্মে নিয়োজিত কতিপয় বিচার বিভাগীয় কর্মকর্তা (অনুবেদনকারী/অনুবেদনাধীন) তাঁদের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) যথাসময়ে প্রেরণ করেন না মর্মে অত্র কোর্টের দৃষ্টিগোচর হয়েছে, যা অত্যন্ত অনাকাঙ্খিত, অনভিপ্রেত ও অগ্রহণযোগ্য।

০২। বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) ফরমের নির্দেশনায় উল্লেখ রয়েছে যে, অনুবেদনকারী কর্মকর্তা বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) ফরমের নির্ধারিত অংশ যথাযথভাবে পূরণ করে প্রতি বছর ১৫ ফেব্রুয়ারির মধ্যে তা অত্র কোর্টে প্রেরণ করবেন। অথচ কতিপয় অনুবেদনকারী কর্মকর্তা উক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করেন না। এতে একদিকে যেমন নানাবিধ প্রশাসনিক সমস্যার সম্মুখীন হতে হয়, অপরদিকে বিভিন্ন পর্যায়ে কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের পদোন্নতি প্রক্রিয়া সম্পন্নকরণসহ প্রয়োজনীয় মূল্যায়নেও নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। অনুবেদনকারী ও অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) সংক্রান্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন না করা চাকরি শৃঙ্খলার পরিপন্থী এবং তা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী 'অসদাচরণ'-এর শামিল ও শাস্তিযোগ্য।

০৩। এমতাবস্থায়, Civil Rules & Orders ও Criminal Rules & Orders (Practice and Procedure of Subordinate Courts), 2009 এর বিধানমতে এবং উপরিউক্ত দায়িত্ব (Legal Obligation) সম্পর্কে সময়ে সময়ে অত্র কোর্ট কর্তৃক জারীকৃত বিভিন্ন বিজ্ঞপ্তি, সার্কুলার ইত্যাদি ও বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) ফরমের নির্দেশনা মোতাবেক অনুবেদনাধীন কর্মকতাগণকে বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) ফরম যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট অনুবেদনকারী কর্মকর্তার নিকট দাখিলের এবং অনুবেদনকারী কর্মকর্তাগণকে প্রতি পঞ্জিকা বছরের ১৫ ফেব্রুয়ারির মধ্যে পূববর্তী পঞ্জিকা বছরে তাঁর অধীনে ০৩ (তিন) মাসের অধিক সময় কর্মরত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এ.সি.আর) ফরম যথাযথভাবে পূরণ করে অত্র কোর্টে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। **এ নির্দেশনা প্রতিপালনে ব্যর্থতায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে কঠোর বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।**

০৪। এ সার্কুলার ইতোপূর্বে অত্র কোর্ট হতে জারীকৃত সার্কুলারসমূহের পরিপূরক হিসেবে গণ্য হবে। তবে পূর্বে জারীকৃত সার্কুলারের কোনো বিষয়ের সাথে এ সার্কুলারের কোনো নির্দেশাবলী অসামঞ্জস্যপূর্ণ হলে এ সার্কুলারের বিধানাবলী প্রযোজ্য হবে।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে

**স্বাঃ/-**

**(ড. মোঃ জাকির হোসেন)**
রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ৯৫৬২৭৮৫
ই-মেইলঃ rg @supremecourt.gov.bd

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------ ----- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, --- ------------------------------------------------ (সকল)।
৪। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর,ঢাকা।
৫। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৮। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১০। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১১। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
১২। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৩। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
১৪। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৫। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
১৬। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১৭। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ---------------------------(সকল)।
১৮। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, -------------------- (সকল)।
১৯। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------------ (সকল)।
২০। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,-------------------------------------- (সকল)।
২১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
২২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ----------------------------------------- (সকল)।
২৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ---------------------------(সকল)।
২৪। সদস্য (জেলা জজ), কাস্টমস্, এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,---------- (সকল)।
২৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২৬। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৭। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, পুরানা পল্টন, ঢাকা।
২৮। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৯। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
৩০। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
৩১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ------------------------------------------------ (সকল)।
৩২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, -------------------------------------------------- (সকল)।

(১ থেকে ৩২: অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদেরকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৩৩। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৪। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ফুলবাড়ীয়া, ঢাকা।
৩৭। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৩৮। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৩৯। আইন উপদেষ্টা, কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৪০। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪২। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা (সংরক্ষণের জন্য)।
৪৩। মাননীয় রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৪। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

Aktaruzzaman
11.03.18

**(মোহাম্মদ আক্তারুজ্জামান ভুঁইয়া)**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ ৯৫৬৬৮২৬ (অফিস)
ই-মেইল: aktar.dr@supremecourt.gov.bd